

সূরা - ৯০

নগর

(আল-বালাদ, :১)

মঙ্গায় অবতীর্ণ

আল্লাহর নাম নিয়ে, যিনি রহমান, রহীম।

- ১ না, আমি শপথ করছি এই নগরের নামে,
- ২ আর তুমি বৈধ থাকবে এই নগরীতে;
- ৩ আর জন্মদাতার, আর যাদের তিনি জন্ম দিয়েছেন।
- ৪ আমরা নিশ্চয়ই মানুষকে সৃষ্টি করেছি শ্রমনির্ভর করে।
- ৫ সে কি ভাবে যে তার উপরে কেউ কোনো ক্ষমতা রাখতে পারে না?
- ৬ সে বলে—“আমি প্রচুর সম্পদ নিঃশেষ করেছি।”
- ৭ সে কি ভাবে যে তাকে কেউ দেখতে পাবে না?
- ৮ আমরা কি তার জন্য বানিয়ে দিই নি দুটি চোখ,
- ৯ আর একটি জিহবা ও দুটি ঠোঁট;
- ১০ আর আমরা কি তাকে দুটি পথই দেখাই নি?
- ১১ কিন্তু সে উর্ধ্বগামী পথ ধরতে চায় নি।
- ১২ আর কেমন করে তোমাকে বোঝানো যাবে কী সেই উর্ধ্বগামী পথ?
- ১৩ দাসকে মুক্তি দেওয়া,
- ১৪ অথবা আকালের দিনে খাবার দেওয়া—
- ১৫ নিকট সম্পর্কের এতীমকে,
- ১৬ অথবা ধূলোয় লুটানো নিঃস্বকে।
- ১৭ তাহলে সে তাদের অস্তভুক্ত যারা ঈমান এনেছে, আর পরম্পরকে অধ্যবসায় অবলম্বনে প্রচেষ্টা করে ও একে-অন্যে দয়া-দাক্ষিণ্যের প্রয়াস চালায়।
- ১৮ এরাই হচ্ছে দক্ষিণপস্থীয়দের দলভুক্ত।
- ১৯ আর যারা আমাদের বাণীসমূহে অবিশ্বাস পোষণ করে তারাই হচ্ছে বামপস্থীয়দের দলভুক্ত।
- ২০ তাদের উপরে আগুন আচ্ছাদিত করে রাখবে।